

## জননিরাপত্তা (বিশেষ বিধান) (রাহিতকরণ) আইন, ২০০২

২০০২ সনের ৬ নং আইন

[৩ এপ্রিল, ২০০২]

**জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ রাহিতকরণকল্পে প্রযোজ্য আইন।**

যেহেতু জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ (২০০০ সনের ৭ নং আইন) রাহিত করা সমীচীন ও প্রযোজ্যনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম**

**১।** এই আইন জননিরাপত্তা (বিশেষ বিধান) (রাহিতকরণ) আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

**২০০০ সনের ৭ নং  
আইনের রাহিতকরণ**

**২।** জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ (২০০০ সনের ৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রাহিত করা হইল।

**হেফাজত**

**৩।** উক্ত আইন রাহিতকরণ সত্ত্বেও-

(ক) সরকার কর্তৃক মামলা প্রত্যাহত না হইলে সংশ্লিষ্ট কোন ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত, অধিকতর তদন্ত, মামলার বিচার, আপীল এবং অন্যান্য কার্যধারা অব্যাহত থাকিবে;

(খ) উক্ত আইনের অধীন ছাপিত সকল ট্রাইব্যুনাল, সরকার কর্তৃক সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা বিলুপ্ত না করা পর্যন্ত, বহাল থাকিবে।